গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

আঞ্চলিক প্রধান/ ঊর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, বারটান আঞ্চলিক কেন্দ্র, বরিশাল

এবং

নির্বাহী পরিচালক, বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারটান)

এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

১ জুলাই ২০২০ - ৩০ জুন ২০২১

# সূচিপত্র


| | | | |
|---|---|---|---|
| **কর্মসম্পাদনের সার্বিক চিত্র .......................................................** | | | ৩-৪ |
| **উপক্রমণিকা ...........................................................................................** | | | ৫ |
| **সেকশন ১** | : | রূপকল্প (Vision) , অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং প্রধান কার্যাবলি.................................................. | ৬-৭ |
| **সেকশন ২** | : | বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) .................................... | **৮-৯** |
| **সেকশন ৩** | : | কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন এবং লক্ষ্যমাত্রা সমূহ ......................................................................... | **১০-১১** |
| | | মাঠ পর্যায়ের আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য সমূহ.............................. | ১২-১৪ |
| **সংয়োজনী ১** | : | শব্দসংক্ষেপ (Acronyms) .................................................... | **১৬** |
| **সংয়োজনী ২** | : | কর্মসম্পাদন সূচকসমূহ বাস্তবায়নকারী উইং/অফিস/ ইউনিট/ প্রকল্প এবং পরিমাপ পদ্ধতি......................................................... | **১৭** |
| **সংয়োজনী ৩** | : | কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্যান্য দপ্তর/সংস্থার উপর নির্ভরশীলতা............................................................... | **১৮** |

# কর্মসম্পাদনের সার্বিক চিত্র

## (Overview Performance)

## বারটান  আঞ্চলিক কেন্দ্র, বরিশাল কর্মসম্পাদনের সার্বিক চিত্র

(Overview of the Performance of BIRTAN Regional Station, Barishal)

## সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনাঃ

- ### সাম্প্রতিক বছর সমূহের (৩ বছর) প্রধান অর্জন সমূহ

পুষ্টি বিষয়ক প্রশিক্ষণ ও সচেতনতা মূলক কার্যক্রমঃ

জনগণের পুষ্টি নিরাপত্তা নিশ্চিতকরণের লক্ষ্যে বারটান আঞ্চলিক কেন্দ্র,বরিশাল দীর্ঘদিন যাবৎ খাদ্য ভিত্তিক ফলিত পুষ্টি বিষয়ক প্রশিক্ষণ, পরামর্শ, কর্মশালা বাস্তবায়ন, বিশ্ব খাদ্য দিবস ও  কৃষি মেলায় অংশগ্রহণ এবং বেতার কথিকা সম্প্রচার করে আসছে। এরই ধারাবাহিকতায় বিগত ২ বছরে (২০১৮-১৯ থেকে ২০১৯-২০)  খাদ্য ভিত্তিক পুষ্টি বিষয়ে ২৪০০ জন সরকারি ও বেসরকারি সংস্থার জেলা/উপজেলা পর্যায়ের কর্মকর্তা, উপ-সহকারী কৃষি কর্মকর্তা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের মাঠকর্মী, স্কুল শিক্ষক, সমাজকর্মী, ইউপি সদস্য, ইমাম/পুরোহিত, এনজিও কর্মী এবং কিষাণ-কিষাণীদের প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। পুষ্টি বিষয়ে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে গত ২ বছরে বাংলাদেশ বেতারে ১০ টি  কথিকা সম্প্রচার করা হয়েছে। ১টি মেলা, বিশ্ব খাদ্য দিবস ও পুষ্টি সপ্তাহে অংশগ্রহণ করা হয়েছে।  ৭ টি কর্মশালা বাস্তবায়ন করা হয়েছে এবং বিভিন্ন  স্কুলের ৯ম ও ১০ম শ্রেণির ছাত্র-ছাত্রীদের অংশ গ্রহণে  ৫ টি স্কুল ক্যাম্পেইন সম্পন্ন করা হয়।

গবেষণা কার্যক্রমঃ

ঔষুধি গাছের জার্মপ্লাজম সংরক্ষন এবং গুনগত মান উন্নয়নের লক্ষে “Conservation of semi woody and herbaceous medicinal plants under pot condition in Barishal region” শীর্ষক  গবেষণা কার্যক্রমের আওতায় ১৫৬ টি প্রজাতির ঔষুধি গাছের জার্মপ্লাজম সংগ্রহ করা হয়েছে, এছাড়াও Performance of *Aloe vera* as Influenced by Organic and Inorganic Sources of Fertilizer শিরোনামের আওতায় আরো একটি গবেষণা কার্যক্রম চলমান রয়েছে।

- ### সমস্যা এবং চ্যালেঞ্জ সমূহ

বাংলাদেশ খাদ্য উৎপাদনে উল্লেখযোগ্য অগ্রগতি হলেও শিশু ও মাতৃপুষ্টি নিশ্চিতকরণ এবং ব্যক্তিগত ও পারিবারিক পর্যায়ে বৈচিত্র্যপূর্ণ খাদ্যের সমন্বয়ে পরিপূর্ণ পুষ্টি সমৃদ্ধ খাদ্য গ্রহণ এখনও বিরাট চ্যালেঞ্জ। বিশেষ করে শিশু পুষ্টির জন্য মায়ের দুধ পান ও পরিপূরক খাবার গ্রহণের হার এখনও অপ্রতুল। ব্যক্তির খাবারে খাদ্য উপাদান যথাযথ পরিমাণে না থাকা বা অতিরিক্ত থাকা অপুষ্টি এবং দীর্ঘমেয়াদি রোগে আক্রান্ত হওয়ার প্রধান কারণ।  খাদ্যের সাথে সুস্বাস্থ্যের সম্পর্ককে সঠিকভাবে প্রকাশ করার জন্য এখনও গবেষণার প্রয়োজন। জনগণের পুষ্টিগত অবস্থার উন্নয়ন এবং পুষ্টি উপাদনের অভাবজনিত রোগগুলো প্রতিরোধ করা; গর্ভবতী ও স্তন্যদাত্রী মায়েদের যথাযথ পুষ্টিগত অবস্থা বজায় রাখা; শিশুদের সঠিকভাবে মায়ের দুধ ও পরিপূরক খাবার খাওয়ানো নিশ্চিত করা; খাদ্যাভ্যাসের সাথে সম্পর্কিত দীর্ঘমেয়াদি রোগগুলো প্রতিরোধ এবং নিয়ন্ত্রণ করা; বয়স্কদের সুস্বাস্থ্যের সাথে আয়ুষ্কাল বাড়ানো বড়ো চ্যালেঞ্জ। এছাড়াও ক্রমবর্ধমান জনোগোষ্ঠির জন্য নিরাপদ পুষ্টি সমৃদ্ধ খাবার নিশ্চিৎ করা বিরাট চ্যালেঞ্জ।

- ### ভবিষ্যৎ পরিকল্পনা

পুষ্টি নিরাপত্তা নিশ্চিতকরণকে টেকসই রূপ প্রদান এবং জনগণের সুষম নিরাপদ খাদ্য যোগান ও গ্রহণের অভ্যাস গড়ে তোলার ব্যবস্থা গ্রহণ ভবিষ্যৎ পরিকল্পনায় অন্তর্ভুক্ত করা হয়েছে। এ উদ্দেশ্যে বারটান আঞ্চলিক কেন্দ্রের অবকাঠামো নির্মাণের কাজ চলমান আছে।

- **২০২০-২১ অর্থ বছরের সম্ভাব্য প্রধান অর্জন সমূহ**

  - নিরাপদ পুষ্টি সমৃদ্ব খাবার উৎপাদন এবং এর সংশ্লিষ্ট বিষয়ে গবেষণা কার্যক্রম জোরদারকরণ।
  - বারটান আঞ্চলিক কেন্দ্র বরিশালের উদ্যোগে দেশের বিভিন্ন জেলা/উপজেলায় খাদ্য ভিত্তিক পুষ্টি বিষয়ে ১২ ব্যাচে (প্রতি ব্যাচে ৩০ জন) মোট ৭২০ জন উপ-সহকারী কৃষি কর্মকর্তা, স্কুল/মাদ্রাসা শিক্ষক, মহিলা বিষয়ক অধিদপ্তরের মাঠ পর্যায়ের কর্মকর্তা / মাঠকর্মী, ইমাম/পুরোহিত, এনজিও কর্মী ও কিষাণ-কিষাণীদের প্রশিক্ষণ প্রদান করা হবে।
  - গার্মেন্টস/ বিদেশগামী কর্মী/ বস্তীবাসী ও অন্যান্যসহ মোট ৪৮০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হবে।
  - নিরাপদ পুষ্টি সমৃদ্ব খাবার নিশ্চিৎ করণ এবং এর সংশ্লিষ্ট বিষয়ে সচেতনামূলক ০৩ টি কর্মশালা/সেমিনার আয়োজন করা হবে।
  - কেন্দ্রে পুষ্টি বাড়ি স্থাপন।
  - ১ টি কৃষি মেলা/ বৃক্ষ মেলা/ জাতীয় ফল মেলায় অংশগ্রহণ করা হবে।
  - বারটান আঞ্চলিক কেন্দ্র, বরিশালে বৃক্ষ রোপণ সহ অবকাঠামো নির্মাণ কাজ চলমান থাকবে।
  - পুষ্টি সংক্রান্ত কাযক্রম জোরদার করার জন্য ০১ টি সংস্থ/প্রতিষ্ঠানের সাথে সমঝোতা স্মারক স্বাক্ষর করা হবে।

# উপক্রমণিকা (Preamble)

সরকারি দপ্তর/ সংস্থা সমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

আঞ্চলিক প্রধান/ ঊর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, বারটান আঞ্চলিক কেন্দ্র ,বরিশাল

**এবং**

**নির্বাহী পরিচালক, বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারটান)**

**এর মধ্যে** ২০২০ সালের জুন মাসের...............তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হ'ল।

এই চুক্তির স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেনঃ

# সেকশন ১

## বারটান এর রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্য সমূহ এবং কার্যাবলি

### ১.১ রূপকল্প (Vision):

জনগণের উন্নত পুষ্টিস্তর।

### ১.২ অভিলক্ষ্য (Mission):

খাদ্য ও পুষ্টি সম্পর্কিত গবেষণা, প্রশিক্ষণ ও কর্মশালা বাস্তবায়ন এবং গণমাধ্যমে সম্প্রচারের মাধ্যমে দেশের জনগণের পুষ্টিস্তর উন্নয়নে অবদান রাখা।

### ১.৩ কৌশলগত উদ্দেশ্য সমূহ (Strategic Objectives):

#### ১.৩.১ বারটানের কৌশলগত উদ্দেশ্য সমূহ

১. খাদ্যমান ও পুষ্টি বিষয়ে প্রচারণা, প্রকাশনা, সভা ও কর্মশালার মাধ্যমে গণসচেতনতা বৃদ্ধি

২. কর্ম ব্যবস্থাপনায় পেশাদারিত্বের উন্নয়ন।

#### ১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য সমূহ

১. বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন জোরদারকরণ

২. কার্যপদ্ধতি, কর্মপরিবেশ ও সেবার মানোন্নয়ন

৩. আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন

৪. জাতীয় শুদ্ধাচার কৌশল ও তথ্য অধিকার বাস্তবায়ন জোরদারকরণ

### ১.৪ প্রধান কার্যাবলী (আইন - ২০১২) (Functions)

বারটান আঞ্চলিক কেন্দ্র বরিশালে নিম্নলিখিত কার্যক্রম সম্পন্ন করা হয়-

১. "সবার জন্য পুষ্টি সমৃদ্ধ নিরাপদ সুষম খাবার" এই শ্লোগানকে সামনে রেখে গবেষণা ও সচেতনতা মূলক কার্যক্রম অব্যহত আছে ;

২. জনগনের পুষ্টির স্তর উন্নয়নের লক্ষ্যে খাদ্যভিত্তিক পুষ্টি (ফলিত পুষ্টি) সংক্রান্ত গবেষণা ও উন্নয়ন কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়ন;

৩. সরকারি ও বেসরকারী সংস্থার কর্মকর্তা, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক, স্থানীয় সরকার প্রতিনিধি, কৃষক ও অন্যান্যদেরকে খাদ্যভিত্তিক পুষ্টি বিষয়ে প্রশিক্ষণ প্রদান ও পুষ্টি সংক্রান্ত নীতিমালা সম্পর্কে সচেতনকরণ;

৪. খাদ্যশস্যের সংগ্রহপূর্ব ও সংগ্রহত্তোর ক্ষয় ক্ষতি হ্রাস ও খাদ্য প্রক্রিয়াজাতকরণ এবং সংরক্ষণ বিষয়ে প্রযুক্তি উদ্ভাবন ও গবেষণা ;

৫. স্বাস্থ্যসম্মত খাদ্য (Functional Food) ও ঔষধি গাছ (Medicinal Plant) বিষয়ে গবেষণা পরিচালনা, উৎপাদন বৃদ্ধি, দৈনিক খাদ্য তালিকায় অন্তর্ভুক্তিকরণ ও সচেতনতা বৃদ্ধিকরণ;

৬. খাদ্যশস্যের পুষ্টিমান বিশ্লেষণ, নিরূপন বা হালনাগাদকরণ ও প্রয়োজনীয় দৈনিক খাদ্য তালিকা প্রণয়ন বা প্রণয়নে সহায়তা প্রদান;

৭. খাদ্য ও পুষ্টি নিরাপত্তা নিশ্চিতকরণে জেলা বা উপজেলা ভিত্তিক বা এগ্রো-ইকোলজিকাল জোনভিত্তিক অপুষ্টিজনিত স্বাস্থ্য সমস্যা নিরূপণ ও সংশ্লিষ্ট মন্ত্রণালয় বা সংস্থার সাথে প্রাপ্ত তথ্য বিনিময়;

৮. খাদ্যচক্রে (Food Chain) ব্যবহৃত রাসায়নিক ও আর্সেনিকের ক্ষতিকর প্রভাব বিষয়ে গবেষণা ও জনোগনের সচেতনতা বৃদ্ধিকরণ;

৯. বিভিন্ন গণমাধ্যম ও ইলেক্ট্রনিক মিডিয়ায় প্রচারসহ কৃষি মেলা, বিশ্বখাদ্য দিবস, পুষ্টি সপ্তাহ, প্রাণিসম্পদ মেলা, মৎস্য মেলা, পরিবেশ দিবস ইত্যাদি অনুষ্ঠানে অংশগ্রহণের মাধ্যমে সকল স্তরের জনগোষ্ঠীর পুষ্টি ও স্বাস্থ্য বিষয়ে সচেতনতা বৃদ্ধিকরণ;

১০. অধিক পুষ্টিমান সম্পন্ন খাদ্যসামগ্রী, জাত ও প্রযুক্তি উদ্ভাবনে স্বতন্ত্রভাবে এবং সংশ্লিষ্ট গবেষণা প্রতিষ্ঠানের সাথে যৌথভাবে গবেষণা ও উন্নয়নমূলক কার্যক্রম গ্রহণ;

১১. প্রাকৃতিক কিংবা অন্য যে কোন কারণে অপুষ্টিজনিত সমস্যা দেখা দিলে আপদকালীন ব্যবস্থা বিষয়ে সুপারিশমালা প্রদান;

১২. পুষ্টি অবস্থার উপর জলবায়ু পরিবর্তনের প্রভাব নিরূপন, গবেষণা এবং এ সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়নে সহায়তা প্রদান;

১৩. ইনস্টিটিউট এর কার্যক্রম সম্পর্কিত বিষয়ে নীতিমালা প্রণয়ন, বাস্তবায়ন ও সুপারিশ প্রদান; এবং

১৪. সময়ে সময়ে সরকার প্রদত্ত নির্দেশ অনুযায়ী অর্পিত দায়িত্ব পালন;

## সেকশন ২
## বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব ( Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/ প্রভাব (outcome /Inpact) | কর্মসম্পাদন সূচকসমুহ (Performance) | একক (Unit) | প্রকৃত | | লক্ষ্যমাত্রা ২০২০-২০২১ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাসমূহের নাম | উপাত্তসমূহ (Source of Data) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০১৮-২০১৯ | ২০১৯-২০২০ | | ২০২১-২২ | ২০২২-২৩ | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | 10 |
| ১.১ খাদ্যমান ও পুষ্টি বিষয়ে প্রচারণা, প্রকাশনা, সভা ও কর্মশালার মাধ্যমে সচেতনতা বৃদ্ধি | ১.১.১ প্রশিক্ষিত কৃষাণ-কৃষাণী | সংখ্যা | ১৫০০ | ১২০০ | ৩৬০ | ৩৯০ | ৪২০ | ডিএই | বারটান এর মাসিক, ত্রৈমাসিক ও বার্ষিক প্রতিবেদন এবং ওয়েবসাইট |
| | ১.১.২ প্রশিক্ষিত এসএএও, ইমাম, স্কুল শিক্ষক, এনজিও কর্মী, পুরোহিত ইত্যাদি। | সংখ্যা | | | ৩৬০ | ৩৯০ | ৪২০ | ডিএই | বারটান এর মাসিক, ত্রৈমাসিক ও বার্ষিক প্রতিবেদন এবং ওয়েবসাইট |
| | ১.১.৩ গার্মেন্টস/ বিদেশগামী কর্মী/ বস্তীবাসী ও অন্যান্য | সংখ্যা | | | ৪৮০ | ৫১০ | ৫৪০ | ডিএই | বারটান এর মাসিক, ত্রৈমাসিক ও বার্ষিক প্রতিবেদন এবং ওয়েবসাইট |
| | ১.১.৪ প্রস্তুতকৃত পুষ্টি প্লেট বিতরণ | সংখ্যা | | | ৪৮০ | ৫১০ | ৫৪০ | | |
| | ১.১.৫ আয়োজিত কর্মশালা | সংখ্যা | ২ | ৪ | ০৩ | ৪ | ৫ | ডিএই | বারটান এর মাসিক, ত্রৈমাসিক ও বার্ষিক প্রতিবেদন এবং ওয়েবসাইট |
| | ১.১.৬ সম্প্রচারিত বেতার কথিকা | সংখ্যা | | | ৮ | ১০ | ১২ | বাংলাদেশ বেতার | বারটান এর মাসিক, ত্রৈমাসিক ও বার্ষিক প্রতিবেদন এবং ওয়েবসাইট |
| | ১.১.৭ মেলায় অংশগ্রহণ | সংখ্যা | ১ | ০ | ০১ | ০১ | ০১ | ডিএই | বারটান এর মাসিক, ত্রৈমাসিক ও বার্ষিক প্রতিবেদন এবং ওয়েবসাইট |

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১.১.৮ বসতবাড়ীতে অনাবাদ জায়গায় পুষ্টি সমৃদ্ধ ও ঔষধী গুনাগুন জাতীয় বৃক্ষ রোপন বৃদ্ধির সহায়ক লিফলেট/পোস্টার বিতরণ | সংখ্যা | | | ২৫০০ | ৩০০০ | ৩৫০০ | ডিএই | বারটান এর মাসিক, ত্রৈমাসিক ও বার্ষিক প্রতিবেদন এবং ওয়েবসাইট |
| | ১.১.৯ পুষ্টি সমৃদ্ধ বৃক্ষ রোপন | সংখ্যা | | | ১০০০ | - | - | ডিএই | বারটান এর মাসিক, ত্রৈমাসিক ও বার্ষিক প্রতিবেদন এবং ওয়েবসাইট |
| | ১.১.১০ বিভিন্ন প্রতিষ্ঠানের সাথে পারস্পারিক সহযোগিতা | সংখ্যা | | ০১ | ০২ | ০১ | ০১ | - | বারটান এর মাসিক, ত্রৈমাসিক ও বার্ষিক প্রতিবেদন এবং ওয়েবসাইট |

# সেকশন-৩

## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২০২১ (Target/ Criteria Value for FY 2020-21) | | | | | প্রক্ষেপণ (Projection) ২০২১-২২ | প্রক্ষেপণ (Projection) ২০২২-২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | ২০১৮-১৯ | ২০১৯-২০ | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| **১.** ফসলের উৎপাদন ও উৎপাদনশীলতা বৃদ্ধি | ৮০ | ১.১ খাদ্যমান ও পুষ্টি বিষয়ে প্রচারণা, প্রকাশনা, সভা ও কর্মশালার মাধ্যমে সচেতনতা বৃদ্ধি | ১.১.১ প্রশিক্ষিত কৃষাণ-কৃষাণী | সংখ্যা | ২০ | ১৫০০ | ১২০০ | ৩৬০ | ৩৫০ | ৩৪০ | ৩৩০ | ৩০০ | ৩৯০ | ৪২০ |
| | | | ১.১.২ প্রশিক্ষিত এসএএও, ইমাম, স্কুল শিক্ষক, এনজিও কর্মী, পুরোহিত ইত্যাদি। | সংখ্যা | ২০ | | | ৩৬০ | ৩৫০ | ৩৪০ | ৩৩০ | ৩০০ | ৩৯০ | ৪২০ |
| | | | ১.১.৩ গার্মেন্টস/ বিদেশগামী কর্মী/ বস্তীবাসী ও অন্যান্য | সংখ্যা | ২০ | | | ৪৮০ | ৪৩০ | ৩৯০ | ৩৪০ | ২৯০ | ৫১০ | ৫৪০ |
| | | | ১.১.৪ প্রস্তুতকৃত পুষ্টি প্লেট বিতরণ | সংখ্যা | ০৮ | | | ৪৮০ | ৪৩০ | ৩৯০ | ৩৪০ | ২৯০ | ৫১০ | ৫৪০ |
| | | | ১.১.৫ আয়োজিত কর্মশালা | সংখ্যা | ০৪ | ২ | ৪ | ০৩ | ০২ | ০১ | ০ | ০ | ৪ | ৫ |
| | | | ১.১.৬ সম্প্রচারিত বেতার কথিকা | সংখ্যা | ০২ | | | ৮ | ০৬ | ০৪ | ৩ | ২ | ১০ | ১২ |
| | | | ১.১.৭ মেলায় | সংখ্যা | ০১ | ১ | ০ | ০১ | ০১ | ০ | ০ | ০ | ১ | ১ |

| | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | অংশগ্রহণ | | | | | | | | | | | |
| | | | ১.১.৮ বসতবাড়ীতে অনাবাদ জায়গায় পুষ্টি সমৃদ্ধ ও ঔষধী গুনাগুন জাতীয় বৃক্ষ রোপন বৃদ্ধির সহায়ক লিফলেট/পোস্টার বিতরণ | সংখ্যা | ০২ | | | ২৫০০ | ২৪০০ | ২৩০০ | ২২০০ | ২০০০ | ৩০০০ | ৩৫০০ |
| | | | ১.১.৯ পুষ্টি সমৃদ্ধ বৃক্ষ রোপন | সংখ্যা | ০২ | | | ১০০০ | ৯০০ | ৮০০ | ৭০০ | ৬০০ | - | - |
| | | | ১.১.১০ বিভিন্ন প্রতিষ্ঠানের সাথে পারস্পারিক সহযোগিতা | সংখ্যা | ০১ | | ০১ | ০২ | ০১ | ০ | ০ | ০ | ০১ | ০১ |

## মাঠ পর্যায়ের আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য সমূহ, ২০২০-২০২১

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য (strategic objectives) | কৌশলগত উদ্দেশ্যর মান (Weight of strategic objectives ) | কাযক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicator ) | একক | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicator ) | লক্ষ্যমাত্রার মান ২০-২১ | | | | |
| | | | | | | অসাধরন (Excellent) | অতিউত্তম (Very Good ) | উত্তম ( Good) | চলতি মান (Fair) | চলতি মানের নিম্নে (Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| [১] দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিত করণ | ৬ | [১.১] বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন | [১.১.১] সরকারি কর্মসম্পাদন ব্যাবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণসহ অন্যান্য বিষয়ে প্রশিক্ষণ আয়োজিত | জনঘন্টা | ০.৫ | ৬০ | - | - | - | - |
| | | | [১.১.২] এপিএ টিমের মাসিক সভার সিদ্ধান্ত বাস্তবায়িত] | % | ০.৫ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | | [১.১.৩] ২০২০-২১ অর্থবছরেরে বার্ষিক কর্মসম্পাদন চুক্তির – বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট দাখিল। | তারিখ | ০.৫ | ২৫জুলাই, ২০২১ইং | ২৭জুলাই, ২০২১ইং | ২৮জুলাই, ২০২১ইং | ২৯জুলাই, ২০২১ইং | ১ আগস্ট ২০২১ ইং |
| | | | [১.১.৪] ২০২০-২০২১ অর্থবছরের অর্ধ-বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট দাখিল। | তারিখ | ০.৫ | ১৪ জানুয়ারি, ২০২১ইং | ১৮ জানুয়ারি, ২০২১ইং | ২০ জানুয়ারি , ২০২১ইং | ২৫ জানুয়ারি , ২০২১ইং | ২৮জানুয়ারি ,২০২১ ইং |
| | | [১.২] জাতীয় শুদ্ধাচার কৌশল ওতথ্য অধিকার বাস্তবায়ন | [১.২.১] জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | % | ১.০ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | [১.৩.১] নির্দিষ্টি সময়ের মধ্য অভিযোগ নিস্পত্তি | % | ০.৫ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | |
| | | | [১.৩.২] অভিযোগ নিস্পত্তি সংক্রান্ত মাসিক প্রতিবেদন উর্ধ্বতন অফিসে দাখিল | সংখ্যা | ০.৫ | ১২ | ১১ | ১০ | ৯ | |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি ও হালনাগাদকরণ ও বাস্তবায়ন | [১.৪.১] সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ | % | ১.০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | |
| | | | [১.৪.২] নির্ধারিত সময়ের মধ্য ত্রৈমাসিক বাস্তবায়ন প্রতিবেদন উর্ধ্বতন অফিসে দাখিল | সংখ্যা | ০.৫ | ৪ | ৩ | ২ | | |

| | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | [১.৪.৩] সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণ ব্যাবস্থা চালু | তারিখ | ০.৫ | ২০ ডিসেম্বর ২০২০ | ১৪ জানুয়ারি,২০২১ | ০৭ ফেব্রুয়ারি, ২০২১ | ০৮ ফেব্রুয়ারি, ২০২১ | ২৮ ফেব্রুয়ারি ,২০২১ |
| [২] কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি | ৮ | [২.১] ই- ফাইলিং পদ্ধতি | [২.১.১] সকল শাখায় ই- ফাইল ব্যবহার | % | ১.০ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ |
| | | | [২.১.২] ই- ফাইল নথি নিষ্পত্তি | % | ১.০ | ৭০ | ৬৫ | ৬০ | ৫৫ | ৫০ |
| | | | [২.১.৩] ই- ফাইল পত্রজারি | % | ১.০ | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ |
| | | [২.২] উদ্ভাবনী উদ্যোগ/ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন | [২.২.১] ন্যূনতম একটি উদ্ভাবনী উদ্যোগ/ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প চালু | তারিখ | ১.০ | ১১ মার্চ , ২০২১ | ১৮ মার্চ , ২০২১ | ২৫ মার্চ , ২০২১ | ০১ এপ্রিল , ২০২১ | ০৯ এপ্রিল , ২০২১ |
| | | [২.৩] পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংলিষ্ট কর্মচারীর পিআরএল ও ছুটি নগদায়নপত্র জারী করা | [২.৩.১]পিআরএল আদেশ জারি | % | ১.০ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | | [২.৩.২]ছুটি নগদায়ন পত্রজারি | % | ১.০ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | [২.৪] তথ্য বাতায়ন হালনাগাদকরণ | [২.৪.১]অফিসের সকল তথ্য হালনাগাদ | % | ২.০ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| [৩] আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন | ৬ | [৩.১] বাজেট বাস্তবায়নে উন্নয়ন | [৩.১.১]বাজেট বাস্তবায়ন পরিকল্পনা প্রণয়ণ | তারিখ | ১.০ | ১৭ আগস্ট,২০২০ | ২০ আগস্ট,২০২০ | ২৪ আগস্ট,২০২০ | ২৮আগস্ট,২০২০ | ৩১ আগস্ট,২০২০ |
| | | | [৩.১.২] ত্রৈমাসিক বাজেট বাস্তবায়ন প্রতিবেদন দাখিল | সংখ্যা | ১.০ | ৪ | ৩ | ২ | | |
| | | [৩.২] স্থাবর ওঅস্থাবর সম্পত্তির তালিকা প্রস্তুত করা। | [৩.২.১] স্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদ | তারিখ | ০.৫ | ০৩ ফেব্রুয়ারী,২০২১ | ১১ ফেব্রুয়ারী,২০২১ | ১৮ ফেব্রুয়ারী, ২০২১ | ২৫ ফেব্রুয়ারী, ২০২১ | ০৪ মার্চ, ২০২১ |
| | | | [৩.২.১] অস্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদ | তারিখ | ০.৫ | ০৩ ফেব্রুয়ারী,২০২১ | ১১ ফেব্রুয়ারী,২০২১ | ১৮ ফেব্রুয়ারী, ২০২১ | ২৫ ফেব্রুয়ারী, ২০২১ | ০৪ মার্চ, ২০২১ |
| | | [৩.৩] অডিট নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | [৩.৩.১] ব্রডসীট জবাব প্রেরণ | % | ০.৫ | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ |
| | | | [৩.৩.২] অডিট নিষ্পত্তিকরণ | % | ০.৫ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ |

| | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | [৩.৪] ইন্টারনেট বিলসহ ইউটিলিটি বিল পরিশোধ | [৩.৪.১] বিসিসি/বিটিসিএল এর ইন্টারনেট বিল পরিশোধিত | % | ১.০ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |
| | | | [৩.৪.১] টেলিফোন বিল পরিশোধিত | % | ০.৫ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |
| | | | [৩.৪.২] বিদ্যুত বিল পরিশোধিত | % | ০.৫ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |

আমি, আঞ্চলিক প্রধান/ ঊর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, বারটান আঞ্চলিক কেন্দ্র, বরিশাল  নির্বাহী পরিচালক, বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট **(বারটান)** এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সচিব নির্বাহী পরিচালক, বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারটান), আঞ্চলিক প্রধান/ ঊর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, বারটান আঞ্চলিক কেন্দ্র, বরিশাল এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিতঃ

............................................... ..................................

আঞ্চলিক প্রধান/ ঊর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা,
বারটান আঞ্চলিক কেন্দ্র, বরিশাল

তারিখ

.................................. ..............................

নির্বাহী পরিচালক
বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনষ্টিটিউট

তারিখ

**সংযোজনী-১**

# শব্দসংক্ষেপ (Acronyms)

| ক্রমিক নং | শব্দ সংক্ষেপ **(Acronyms)** | বিবরণ |
|---|---|---|
| 1. | বারটান (BIRTAN) | বাংলাদেশ ইনস্টিটিউট অব রিসার্চ এন্ড ট্রেনিং অন এপ্লাইড নিউট্রিশন |
| 2. | ডিএই (DAE) | ডিপার্টমেন্ট অব এগ্রিকালচারাল এক্সটেনশন |

# সংযোজনী-২

## কর্মসম্পাদন সূচক সমূহ, বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা এবং পরিমাপ পদ্ধতি এর বিবরণ

| **ক্রমিক নম্বর** | **কার্যক্রম** | **কর্মসম্পাদন সূচক সমূহ** | **বিবরণ** | **বাস্তবায়নকারী ইউনিট** | **পরিমাপ পদ্ধতি এবং উপাত্তসূত্র** | **সাধারণ মন্তব্য** |
|---|---|---|---|---|---|---|
| 01 | খাদ্যমান ও পুষ্টি বিষয়ে প্রচারণা, প্রকাশনা, সভা ও কর্মশালার মাধ্যমে সচেতনতা বৃদ্ধি | প্রশিক্ষিত ব্যক্তি | খাদ্যমান ও পুষ্টিগুণ সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণের আয়োজন করা হয়। | বারটান | বারটানের মাসিক, ত্রৈমাসিক ও বার্ষিক প্রতিবেদন | |
| | | আয়োজিত সভা/ওয়ার্কশপ/স্কুল ক্যাম্পেইন | খাদ্যমান ও পুষ্টিগুণ সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধি ও দক্ষতা উন্নয়নের জন্য সভা/ওয়ার্কশপের আয়োজন করা হয়। | | | |

# সংযোজনী-৩

## অন্যান্য প্রতিষ্ঠানের/ডিএই এর নিকট প্রত্যাশিত সুনির্দিষ্ট কর্মসম্পাদন সহায়তা সমূহ

| প্রতিষ্ঠানের ধরণ | প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট বারটানের সংশ্লিষ্ট প্রত্যাশিত সহায়তা | প্রত্যাশার যৌক্তিকতা | উক্ত প্রতিষ্ঠানের নিকট প্রত্যাশার মাত্রা উল্লেখ করুন | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|---|
| সরকারি | অন্যান্য প্রতিষ্ঠান/ ডিএই | প্রশিক্ষিত ব্যক্তি | প্রশিক্ষণ বাস্তবায়নে | বারটানের সকল জেলা এবং উপজেলা পর্যায়ে অফিস না থাকায় প্রশিক্ষণ বাস্তবায়নে ডিএই'র সহযোগিতা অপরিহার্য | ৫০% | প্রশিক্ষণ কার্যক্রম ব্যাহত হবে |
| | | আয়োজিত সভা/কর্মশালা | সভা/ কর্মশালা আয়োজন | বারটানের সকল জেলা এবং উপজেলা পর্যায়ে অফিস না থাকায় সভা/কর্মশালা আয়োজনে ডিএই'র সহযোগিতা অপরিহার্য | ৫০% | সভা/ কর্মশালা বাস্তবায়ন ব্যাহত হবে |
| | | আয়োজিত স্কুল ক্যাম্পেইন | স্কুল ক্যাম্পেইন আয়োজনে | বারটানের সকল জেলা এবং উপজেলা পর্যায়ে অফিস না থাকায় স্কুল ক্যাম্পেইন আয়োজনে ডিএই'র সহযোগিতা অপরিহার্য | ৫০% | ক্যাম্পেইন আয়োজন ব্যাহত হবে |
| | | অংশগ্রহণকারী শিক্ষার্থী | শিক্ষার্থী মনোনয়ন দানে | বারটানের সকল জেলা এবং উপজেলা পর্যায়ে অফিস না থাকায় শিক্ষার্থী মনোনয়ন দানে ডিএই'র সহযোগিতা অপরিহার্য | ৫০% | শিক্ষার্থী মনোনয়ন দান ব্যাহত হবে |
| | | আয়োজিত মেলা | মেলায় অংশগ্রহণে | বারটানের সকল জেলা এবং উপজেলা পর্যায়ে অফিস না থাকায় মেলায় অংশগ্রহণে ডিএই'র সহযোগিতা অপরিহার্য | ৫০% | মেলায় অংশগ্রহণ ব্যাহত হবে। |